

Ebela

April 24, 2018

## শিশু অধিকার রক্ষা

## কমিশনের গাড়িতে হামলা

দক্ষিণ ২৪ পরগনার স্কুলে পরিদর্শন শেষে কলকাতায় ফেরার পথে আক্রান্ত হলেন রাজ্য শিশু অধিকার রক্ষা কমিশনের প্রতিনিধিরা। সোমবার বিষ্ণুপুরের বাখরাহাটে কমিশনের গাড়িতে হামলা চালায় প্রায় শ'খানেক লোক। বাঁশের আঘাতে গাড়ির উইন্ডস্ক্রিন ভেঙে যায়। হামলাকারীদের হাতে বিজেপি'র পতাকা ছিল বলে অভিযোগ। বিষ্ণুপুর থানায় অভিযোগ দায়ের হয়েছে। ■